

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৮৭৩

আগরতলা, ১৯ নভেম্বর, ২০২৪

মন্ত্রিসভার বৈঠকে পুলিশ ও টিএসআর জওয়ানদের  
বাংসরিক ড্রেস অ্যালাউন্স বৃদ্ধির সিদ্ধান্ত  
বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধীনে ১২৫ জন ফিজিক্যাল  
এডুকেশন চিচার নিয়োগ করা হবে : খাদ্যমন্ত্রী

রাজ্য পুলিশের বাংসরিক ড্রেস অ্যালাউন্স ৭ হাজার ৫০০ টাকা থেকে  
বাড়িয়ে ৯ হাজার ৫০০ টাকা করা হয়েছে। রাজ্য পুলিশের মাসিক রেশন মানিও ১  
হাজার টাকা থেকে বাড়িয়ে ২ হাজার টাকা করা হয়েছে। মন্ত্রিসভার বৈঠকে  
টিএসআর জওয়ানদের বাংসরিক ড্রেস অ্যালাউন্স ১০ হাজার টাকা থেকে বাড়িয়ে  
১২ হাজার টাকা করার সিদ্ধান্তও নেওয়া হয়েছে। তাছাড়া টিএসআর জওয়ানদের  
মাসিক রেশন মানি ১ হাজার টাকা থেকে বাড়িয়ে ২ হাজার টাকা করা হয়েছে।  
আজ সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী মন্ত্রিসভার  
বৈঠকের এই সিদ্ধান্তের কথা জানান। সাংবাদিক সম্মেলনে খাদ্যমন্ত্রী জানান,  
দিপাবলীর পূর্বে টিএসআর জওয়ানদের রেশন মানি ১০০০ টাকা থেকে বাড়িয়ে  
২০০০ টাকা এবং টিএসআর জওয়ানদের বাংসরিক ড্রেস অ্যালাউন্স ১০ হাজার  
টাকা থেকে বাড়িয়ে ১২ হাজার টাকা করার কথা ঘোষণা করা হয়েছিল। আজকের  
মন্ত্রিসভার বৈঠকে তা অনুমোদিত হয়। খাদ্যমন্ত্রী জানান, রাজ্যে বর্তমানে টিএসআর  
এবং পুলিশ মিলিয়ে মোট ২১ হাজার ৭৯৪ জন জওয়ান রয়েছেন।

সাংবাদিক সম্মেলনে খাদ্যমন্ত্রী মন্ত্রিসভার বৈঠকে বিভিন্ন দপ্তরে লোক নিয়োগ  
সংক্রান্ত তথ্যও তুলে ধরেন। তিনি জানান, বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধীনে ১২৫  
জন ফিজিক্যাল এডুকেশন চিচার এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধীনে ৭৫  
জন জুনিয়র ফিজিক্যাল ইনস্ট্রাক্টর নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পাশাপাশি  
মৎস্য দপ্তরের অধীনে ৫৩ জন ফিসারি অফিসার নিয়োগ করার সিদ্ধান্ত আজ  
মন্ত্রিসভার বৈঠকে গৃহীত হয়।

\*\*\*\*\*